

Bhalobese Dile Faki Lyrics in Bengali

কী কারণে চলে গেলে
দিয়ে বেদনা,
একা ভালো থাকবে তুমি
কথা ছিল না।
চোখের নিচে কালো দাগ
দেখেও দেখলে না,
নিজের ভালো বুঝলে ঠিকই
আমায় বুঝলে না।

তুমি ভালোবেসে দিলে ফাঁকি
এত কষ্ট কোথায় আমি কীভাবে রাখি,
যার কাছে গেলে সুখের লাগি
বলো আমার চেয়ে বেশী ভালোবাসে কি?

কত আশা ছিল মনে
কত যে পথ চলা বাকি,
এত কিছুর পরেও আমি
আসবে ফিরে, স্বপ্ন দেখি।

হয়তো আমি পাগল ছিলাম
তোমার প্রেমে অন্ধ ছিলাম,
হয়তো আমি পাগল ছিলাম
তোমার প্রেমে অন্ধ ছিলাম,
তাই আমার এই পরিণতি।

তুমি ভালোবেসে দিলে ফাঁকি
এত কষ্ট কোথায় আমি কীভাবে রাখি,
যার কাছে গেলে সুখের লাগি
বলো আমার চেয়ে বেশী ভালোবাসে কি?

এত ব্যথা পোড়া বুকে
চোখে জল রাশি রাশি,
দিয়েছিলে কত কথা
সব কি ছিল মিছামিছি?

হয়তো আমি পাগল ছিলাম
তোমার প্রেমে অন্ধ ছিলাম,
হয়তো আমি পাগল ছিলাম

তোমার প্রেমে অন্ধ ছিলাম,
তাই আমার এই পরিণতি।

তুমি ভালোবেসে দিলে ফাঁকি
এত কষ্ট কোথায় আমি কীভাবে রাখি,
যার কাছে গেলে সুখের লাগি
বলো আমার চেয়ে বেশী ভালোবাসে কি?